শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ


# বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়

গাজীপুর-১৭০৬, বাংলাদেশ, টেলিফোন-(০২) ৯৯৬৬৯৫৩২৩, ফ্যাক্স-০২-৯৯৬৬৯৫৩১৬, ৯৯৬৬৯৫৩৩৩, পিএবিএক্স: ৯৯৬৬৯৫৩১০-১৪

# BANGABANDHU SHEIKH MUJIBUR RAHMAN AGRICULTURAL UNIVERSITY

**GAZIPUR-1706, BANGLADESH. TELEPHONE**-(02) 996695323, **FAX**-880-02-996695316, 996695333, **PABX-** 996695310-14, **WEB**-www.bsmrau.edu.bd


স্মারক নং- বশেমুরকৃবি/প্রঃ/ই-০৫/২০২১/১৫৬৯ তারিখ: ২৫/০৭/২০২২

## নিয়োগ বিজ্ঞপ্তি

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের রাজস্ব খাতভুক্ত নিম্নোক্ত শিক্ষক ও কর্মকর্তা পদ পূরণের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| নং | পদের নাম ও বেতনক্রম | বিভাগ/শাখার নাম ও পদসংখ্যা |
|---|---|---|
| ১. | অধ্যাপক (৳ ৫৬৫০০-৭৪৪০০) | ফসল উদ্ভিদবিদ্যা-১ |
| ২. | সহকারী প্রকৌশলী (সিভিল) (৳ ২২০০০-৫৩০৬০) | প্রকৌশল শাখা-১ |

উপরোল্লিখিত পদসমূহের জন্য আবেদনপত্র জমাদানের শেষ তারিখ: **২৫/০৮/২০২২** বিকাল ৫ ঘটিকা

শিক্ষক ও কর্মকর্তা পদে আবেদনের পৃথক নির্ধারিত ফরম (Prescribed Form), নিয়োগের শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা এবং অন্যান্য শর্তাবলী বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (bsmrau.edu.bd) থেকে ডাউনলোড করা যাবে।

২৫/০৭/২০২২
(মো. সিরাজুল ইসলাম তালুকদার)
রেজিস্ট্রার

২৫/০৭/২০২২ তারিখের বশেমুরকৃবি/প্রঃ/ই-০৫/২০২১/১৫৬৯ সংখ্যক স্মারকে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির বিস্তারিত তথ্য ও শর্তাবলী এবং বর্ণিত পদসমূহে নিয়োগের শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা:

১. বশেমুরকৃবি ওয়েবসাইটে প্রদত্ত নির্ধারিত ফরমে অধ্যাপক পদের জন্য ১০ (দশ) এবং সহকারী প্রকৌশলী (সিভিল) পদের জন্য ০৬ (ছয়) সেট আবেদনপত্র রেজিস্ট্রার, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৬ এর বরাবর $A^4$ সাইজের কাগজে দাখিল করতে হবে।

২. আবেদনপত্রের সাথে- ১) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র; ২) নম্বরপত্র; ৩) বিএস/সমমান এবং এমএস/সমমানের মেধাক্রমের প্রমাণক যাতে মেধাক্রম এবং অধ্যয়নরত ছাত্র-ছাত্রীর সংখ্যা উল্লেখ থাকতে হবে (শুধুমাত্র শিক্ষক পদের বেলায় প্রযোজ্য); ৪) প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র; ৫) ইউপি চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের কাউন্সিলর/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র; ৬) জাতীয় পরিচয়পত্র; ৭) সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান/সরকার অনুমোদিত বা স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত কম্পিউটার প্রশিক্ষণের সনদপত্র; ৮) অভিজ্ঞতা সংক্রান্ত সকল সনদপত্র (যদি থাকে) তবে, প্রতিটি পদের নিয়োগপত্র ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রদত্ত ছাড়পত্র (প্রযোজ্য ক্ষেত্রে); ৯) প্রকাশনা রিপ্রিন্টের অনুলিপি (শুধুমাত্র শিক্ষক পদের বেলায় প্রযোজ্য); ইত্যাদির সত্যায়িত ফটোকপি ক্রমানুসারে $A^4$ সাইজের কাগজে সংযোজন করতে হবে।

৩. প্রার্থীকে সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ২(দুই) কপি ছবি সত্যায়িতকরতঃ এবং স্ট্যাম্প সাইজের ১ কপি ছবি (সত্যায়ন ছাড়া) মূল আবেদনপত্রের উপরে (ডানদিকে) সংযুক্ত করতে হবে। ছবির পিছনে প্রার্থীর নাম এবং পদের নাম লিখতে হবে।

৪. প্রার্থীকে ১০০০/-(এক হাজার) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফ্ট (অফেরতযোগ্য) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের অনুকূলে, সোনালী ব্যাংক, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, গাজীপুর শাখার উপর দাখিল করতে হবে। ব্যাংক ড্রাফ্ট/পে-অর্ডার ছাড়া কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

৫. খামের উপর অবশ্যই পদের নাম ও প্রেরকের ঠিকানা উল্লেখ করতে হবে। চাকুরীরত প্রার্থীদের-কে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৬. নির্ধারিত ফরম ব্যতীত এবং অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। নির্ধারিত তারিখ ও সময় (২৫/০৮/২০২২ বিকাল ৫ ঘটিকা) এর পর হাতে হাতে/ডাকযোগে/কুরিয়ার সার্ভিসে/অন্য কোন মাধ্যমে আসা আবেদনপত্র গ্রহণ করা হবে না।

৭. প্রাপ্ত সকল আবেদনপত্র প্রাথমিক বাছাইয়ের পর কেবলমাত্র উপযুক্ত প্রার্থীদের আবেদন বাছাই কমিটির সভায় বিবেচনা করা হবে।

৮. নিয়োগপ্রাপ্তদের বাসা প্রাপ্তি সাপেক্ষে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বসবাস করতে হবে।

৯. এ বিশ্ববিদ্যালয়ে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ও বয়স শিথিলযোগ্য।

১০. "অভিজ্ঞতা" অর্থ কোন পাবলিক বিশ্ববিদ্যালয় বা সমপর্যায়ভুক্ত শিক্ষা প্রতিষ্ঠান অথবা কোন সরকারী বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরীকাল-কে বুঝাবে।

১১. শিক্ষকতার অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থী পাওয়া না গেলে কেবলমাত্র কোন স্বীকৃত আন্তর্জাতিক মানের গবেষণা প্রতিষ্ঠানের গবেষণা কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীর বিষয় বিবেচনা করা হবে।

## শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা

| নং | পদের নাম ও বেতনক্রম | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা (প্রযোজ্য ক্ষেত্রে) |
|---|---|---|
| ১. | অধ্যাপক<br>৳ ৫৬৫০০-৭৪৪০০/- | ক) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট অনুষদ হতে ন্যূনতম জিপিএ ৩.৫ সহ স্নাতক এবং সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর অথবা স্বীকৃত অন্য কোন বিশ্ববিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠান হতে সমমানের জিপিএ বা প্রথম শ্রেণীসহ সমমানের ডিগ্রি; খ) সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি বা সমমানের ডিগ্রি; গ) এসএসসি (SSC) ও এইচএসসি (HSC) অথবা সমমানের পরীক্ষায় জিপিএ ৫ এর মধ্যে ন্যূনতম ৪.৫ অথবা প্রথম বিভাগ থাকতে হবে; ঘ) কোন স্বীকৃত জার্নালে ১৫টি প্রকাশনা, তন্মধ্যে সহযোগী অধ্যাপক হিসেবে ৫টি প্রকাশনা থাকতে হবে।<br><br>**অভিজ্ঞতা:** ক) পিএইচডি বা সমমানের ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়/গবেষণা প্রতিষ্ঠানে ১২ (বার) বছরের শিক্ষকতা এবং/অথবা গবেষণার অভিজ্ঞতা তন্মধ্যে সহযোগী অধ্যাপক পদে কমপক্ষে ৪ (চার) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে; খ) পিএইচডি বা সমমানের ডিগ্রি না থাকলে বিশ্ববিদ্যালয়/গবেষণা প্রতিষ্ঠানে ১৪ (চৌদ্দ) বছরের শিক্ষকতা এবং/অথবা গবেষণার অভিজ্ঞতা তন্মধ্যে সহযোগী অধ্যাপক পদে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।<br><br>উপরোক্ত শর্তাবলীযুক্ত প্রার্থী পাওয়া না গেলে স্নাতক সম্মান শ্রেণীতে প্রথম বিভাগ/শ্রেণী/সমমানের জিপিএ-সহ মোট ৩ (তিন) টি প্রথম বিভাগ/শ্রেণী/সমমানের জিপিএ থাকতে হবে। |
| ২. | সহকারী প্রকৌশলী (সিভিল)<br>৳ ২২০০০-৫৩০৬০/- | ক) সিভিল ইঞ্জিনিয়ারিং-এ স্নাতক ডিগ্রি; খ) SSC/সমমান হতে স্নাতক ডিগ্রি পর্যন্ত যে কোন দুটি পরীক্ষায় গ্রেডিং পদ্ধতিতে জিপিএ ৫ (পাঁচ) এর মধ্যে কমপক্ষে ৩.৭৫ (তিন দশমিক সাত পাঁচ) এবং ৪ (চার) এর মধ্যে কমপক্ষে ৩ (তিন) এবং অন্যটিতে ৫ (পাঁচ) এর মধ্যে কমপক্ষে ২.৮০ (দুই দশমিক আট শূন্য) এবং ৪ (চাঁর) এর মধ্যে কমপক্ষে ২.২৫ (দুই দশমিক দুই পাঁচ) অথবা নম্বর পদ্ধতিতে যে কোন দুটি পরীক্ষায় প্রথম বিভাগ/শ্রেণী এবং অন্যটিতে কমপক্ষে দ্বিতীয় বিভাগ/শ্রেণী; গ) সরকারি/স্বায়ত্তশাসিত/সরকার স্বীকৃত প্রতিষ্ঠান হতে কম্পিউটার চালনায় প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে; ঘ) বয়সসীমা অনধিক ৩০ বছর।<br><br>**অথবা,**<br><br>ক) চার বছর মেয়াদী ডিপ্লোমা ইন সিভিল ইঞ্জিনিয়ারিং-এ ন্যূনতম জিপিএ ৩ (তিন)/১ম বিভাগ; খ) SSC ও HSC/সমমানের পরীক্ষার যে কোন ১ টিতে জিপিএ ৫ (পাঁচ) এর মধ্যে কমপক্ষে ৩.৭৫ (তিন দশমিক সাত পাঁচ) এবং ৪ (চার) এর মধ্যে কমপক্ষে ৩ (তিন)/১ম বিভাগ থাকতে হবে; গ) শিক্ষা জীবনের কোন পর্যায়ে জিপিএ ৫ (পাঁচ) এর মধ্যে ২.৮০ (দুই দশমিক আট শূন্য) এবং ৪ (চার) এর মধ্যে (প্রযোজ্য ক্ষেত্রে) ২.২৫ (দুই দশমিক দুই পাঁচ) এর নিচের জিপিএ/তৃতীয় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য নয়; ঘ) সরকারি/স্বায়ত্তশাসিত/সরকার স্বীকৃত প্রতিষ্ঠান হতে কম্পিউটার চালনায় প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে; ঙ) বয়সসীমা অনধিক ৩০ বছর।<br><br>**অভিজ্ঞতা:** পাবলিক বিশ্ববিদ্যালয়/সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান/বিশ্ববিদ্যালয় পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) হিসেবে কমপক্ষে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। |

২৫/০৭/২০২২
(মো. সিরাজুল ইসলাম তালুকদার)
রেজিস্ট্রার